

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৪৬৬

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/১০. নাবী 🎉 _কে গোসল করানোর বিবরণ।

بَابِ مَا جَاءَ فِي غُسْلِ النَّبِيِّ عَلَيْكُ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ يَحْيَى بْنِ الْأَزْهَرِ الْوَاسِطِيُّ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ حَدَّثَنَا أَبُو بُرْدَةَ عَنْ عَلْقَمَةَ بُنِ مَرْثَدِ عَنْ ابْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ قَالَ لَمَّا أَخَذُوا فِي غُسْلِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَادَاهُمْ مُنَادٍ مِنْ الدَّاخِلِ لَا تَنْزِعُوا عَنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم قَمِيصَهُ

বাংলা

১/১৪৬৬। বুরাইদাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, গোসল দানকারীগণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে গোসল দিতে শুরু করলে, তাদের মধ্যকার একজন ভিতর থেকে তাদেরকে জোর গলায় বলেন, তোমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর পরনের জামা খুলো না।

English

It was narrated from Abu Buraidah that his father said:

"When they started to wash the Prophet (ﷺ), a voice called out from inside (the house) saying: 'Do not remove the shirt of the Messenger of Allah.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন।

তাহকীক আলবানীঃ মুনকার, তা'লীক ইবনু মাজাহ। উক্ত হাদিসের রাবী আবু বুরদাহ (উমার বিন ইয়াযীদ)
সম্পর্কে ইবনু হিব্বান সিকাহ বললেও, আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি খুবই দুর্বল। আবু হাতিম আররাযী বলেন, তিনি সিকাহ নন। ইবনু আদী বলেন, দুর্বলদের থেকে যারা হাদিস বর্ণনা করত তিনি তাদের মাঝে
একজন। আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না।



হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন